প্রদীপন



PRODIPON প্রদীপন

Volume XIX , January - March 1996 Number 1

INFORMATIONS

EDITORIAL BOARD

Chief Editor : **Fr. Gervas Rozario**

Associate Editor : **Fr. Tapan C. De Rozario**

Members : **Fr. Francis Gomes Sima**
Fr. Bernard Palma
Fr. James Fannan, p.i.m.e.
Fr. Dominic Rozario
Fr. Bejoy D'Cruze, o.m.i.
Fr. Gilbert Lague, c.s.c.

PRODIPON is a quarterly Review edited by the Faculty of the National Major Seminary of Bangladesh.

The views expressed by the authors are their own and do not necessarily reflect the opinion of the Editorial Board.

SUBSCRIPTION RATE (per annum)

Bangladesh	:	Tk.100.00
India	:	Rs.120.00
Rest of Asia	:	US $15.00
Rest of the World	:	US $ 25.00

All Correspondence should be addressed to:

PRODIPON
Block A-112, Road 27, Banani
Dhaka-1213, Bangladesh.

PUBLISHED BY
The Rector
National Major Seminary
Block A-112, Road 27, Banani
Dhaka-1213, Bangladesh.
REGISTRATION NO. 13/86

PRINTED AT:
Classic Printing & Packaging Ltd.
128/3, East Tejturi Bazar
Dhaka - 1215, Phone - 814861

PRODIPON প্রদীপন

THEOLOGICAL AND PASTORAL REVIEW

CONTENT সূচীপত্র

Page

EDITORIAL iv

বাংলা প্রবন্ধ (Bangla Articles)

ধর্মীয় জীবন গঠনে গুরুত্বপূর্ণ বিষয় সমূহ ১
- ফাঃ জের্ভাস রোজারিও

মন্দতা নিয়ে জীবন যাপন ১৬
- ফাঃ গিলবার্ট লাগু, সি, এস, সি,

English Articles

Priesthood and Priestly Spirituality 23
- Fr. John C. Futrell, S.J.

Is Tribal Identity Without Land Possible? 46
- Fr. R.W.Timm, C.S.C.

Book Review 52

Editorial

With this current issue of PRODIPON a change in the editorial board takes place. Fr. Bejoy D'Cruze, o.m.i., who has been shouldering the burden of chief editor, has completed his term; and the undersigned has been charged with the heavy task of the new chief editor. We express our sincere thanks to Fr. Bejoy for having given his generous services for PRODIPON in the last few years. In view of better functioning a few more members have been taken in the board. We hope to get full cooperation from all concerned, especially from those who can help us by writing articles for PRODIPON.

This issue contains several articles both in Bangla and English. The first article entitled "Issues in Priestly and Religious Formation" is in Bangla by Fr. Gervas Rozario. This article was originally given as a hand-out to the participants in a seminar of the formators last year. In this article the author discusses different important aspects of formation toward Priestly and Religious life. Here he explains in detail these aspects, which he classifies in three areas, viz. selection of candidates, formation and the structure of the diocese or congregation. While selecting candidates their fitness capacity, attitude and openness to different relevant realities must be taken into consideration. Once they are admitted to the formation house they should have an integrated formation programme guided by a vision and supported by a congenial environment. Then he goes on to recommend a structure of on-going and methodical formation programme in the diocese or congregation which is the receiving end.

The second article "How can One Live with Evils in Life" is also in Bangla by Fr. Gilbert Lague, c.s.c., the spiritual director of the National Major Seminary. In this article Fr. Gilbert tries to explain the negative influence of sins and limitations in human

life, and the ways and means to overcome the danger of losing the true life.

The third article "Priesthood and Priestly Spirituality" has been composed of two hand-outs which Fr. John C. Futrell, s.j. gave to the participants of a seminar of the formators last year. In this English article Fr. Futrell tries to define who priest is and what his task should be. The specific task of a priest is to mold and rule the priestly people but his office is never in conflict with the mission of laypeople. However, it is an indispensable obligation of a priest to develop a unique kind of spirituality of which the foundation is Jesus Christ Himself.

The fourth article "Is Tribal Identity Without Land Possible?" is written by Fr. R.W. Timm, c.s.c. This article was originally prepared as a lecture given to the young people of the Mandi Community. However, this can be relevant for any other tribal community as well. Here the author tries to analyze the real situation of the tribal people in Bangladesh, and proposes for them to have permanent land properties, and settlements in order to strengthen their cultural identity.

In this issue we have three book reviews also. The first one is on "The Catechism of the Catholic Church"; the second one is on "Christo Mondolite Nari" a Bengali translation ; and the third one is on "Daridro Bimochon" a booklet with a number of short and reflective articles in Bangla.

We take this occasion to wish every one a holy and happy Easter Season.

Fr. Gervas Rozario

On the 12th of April we celebrate **the Silver Jubilee of Priesthood of Rev. Fr. Bernard Palma,** and **the Golden Jubilee of Religious Life of Sr. Rose Bernard,c.s.c.,** in the National major Seminary, Banani, Dhaka.

On this joyous occasion we express our congratulatious, gratitude and best wishes to both these Professors of our Seminary. May they be able to serve the church for many more years to come.

Rector, Staff and Students of the National Major Seminary.

ধর্মীয় জীবন গঠনে গুরুত্বপূর্ণ বিষয় সমূহ

- ফাঃ জের্ভাস রোজারিও

ভূমিকাঃ

বর্তমান মন্ডলী ও সমাজের নতুন পরিস্থিতির প্রেক্ষাপটে যাজকীয় ও ধর্মীয় জীবনের বিষয় নতুন করে চিন্তা ভাবনা করার প্রয়োজন দেখা দিয়েছে। অতীতে ধর্মীয় জীবনের বিষয় মানুষের ধারণা ও মনোভাব ছিল সেই সময়ের প্রয়োজন ও দাবীর নিরিখে। যারা ধর্মীয় জীবনে প্রবেশ করতো তারা শর্তহীনভাবে সেই প্রয়োজন ও দাবী অনুসারে জীবন উৎসর্গ করতো। সেই সময় ব্যক্তির প্রয়োজনের চেয়ে সম্প্রদায়গত প্রয়োজনকেই বড় করে দেখা হতো। সর্বোপরি ঈশ্বরের জন্য জীবন উৎসর্গ করতে গিয়ে জাগতিক কোন বিষয়ের সঙ্গেই আর নিজেদের সংশ্রব রাখার অবকাশ তাদের ছিলনা। তাই সেই সময়কার ধর্মীয় জীবনে গঠন ছিল মোটামুটি ছকে বাঁধা ও বাঁধা ধরা একটি পদ্ধতি। গঠন গৃহ, প্রতিষ্ঠান ও সম্প্রদায়গত যে নিয়ম শৃংখলা ছিল তার উপরই জোর দেওয়া হত বেশী। প্রার্থী/প্রার্থিনীরা তাদের দায়িত্ব কর্তব্য যথাযথভাবে পালন করলো কিনা, যথাযথভাবে প্রার্থনা করলো কিনা, নিয়ম-শৃংখলা ঠিকমত পালন করলো কিনা, নম্র-বাধ্য-বিশ্বস্ত, ইত্যাদি থাকলো কিনা, এইসব কিছুর উপর নির্ভর করেই প্রার্থী/প্রার্থিনীদের মূল্যায়ন করা হতো।

এখনো ধর্মীয় জীবন ও যাজকীয় গঠনের ক্ষেত্রে এইসবের প্রয়োজন যে নেই সেই কথা বলা যায় না। তবে একথাও অস্বীকার করার উপায় নেই বর্তমান পৃথিবী ও সমাজের পরিস্থিতি আগের চেয়ে অনেক বেশী জটিল ও সমস্যাবহুল। বর্তমান পৃথিবীর নানা জটিল সমস্যা সমূহ নিরবিচ্ছিন্নভাবে মন্ডলীর জীবনকে প্রভাবিত করে চলেছে। তাই আজকের মন্ডলী ও সমাজের সুক্ষ্ম প্রয়োজন ও বিষয়গুলো পর্যালোচনা ও বিবেচনা করলে সহজেই বুঝা যাবে যে ধর্মীয় জীবন গঠনের বিষয় নতুন করে চিন্তা ভাবনা করার প্রয়োজন কত বেশী।

বর্তমানে ধর্মীয় জীবন গঠনের পথে নানা সমস্যা ও চ্যালেঞ্জ দেখা দিচ্ছে। এই সমস্যাগুলোর মূলে রয়েছে প্রার্থী/প্রার্থিনীদের ব্যক্তিগত জীবনের সমস্যা সমূহ এবং পরিবারে ও সমাজে তাদের "ভগ্ন দশা"। পুণ্যপিতা

পোপ ২য় জনপল "তোমাদের পালক" (Pastores Dabo Vobis, 1992) নামক তাঁর প্রৈরিতিক প্রেরণাপত্রে যাজকীয় গঠণের বিষয় যে কথা বলেছেন, সে কথা সকল ধর্মীয় ব্রতপ্রার্থী/প্রার্থিনীদের বেলায়ও খাঁটে। আজকের যুবক যুবতীদের যেসব সমস্যায় পড়তে হয় তার মূলে রয়েছে পরিবারে ও সমাজে যে পরিস্থিতির মধ্যে তারা বেড়ে উঠে সেই পরিস্থিতির প্রভাব। তারা যুক্তিবাদ, ব্যক্তিকেন্দ্রিকতা, বাস্তব ও স্থায়ী নিরীশ্বরবাদ, ভগ্ন পরিবার এবং বিকৃত যৌন আচরণের নমূনা সমূহ দ্বারা ক্রমাগত সংক্রমিত হচ্ছে (৭)। এই অবস্থায় যখন একজন প্রার্থী/প্রার্থিনী ধর্মীয় জীবনে প্রবেশ করতে আসে তার মন থাকে তার শৈশব ও কৈশোরে পরিবার ও সমাজ থেকে প্রাপ্ত মানসিকতার দ্বারা আচ্ছন্ন।

উপরোক্ত প্রেরণাপত্রের ৮ নং অনুচ্ছেদে পোপ মহোদয় সমস্যার আরো গভীরে প্রবেশ করতে চেষ্টা করেছেন। তিনি সেখানে উল্লেখ করেছেন যে বর্তমান কালে ধর্মীয় জীবন আহ্বানে যুবক যুবতীদের জন্য বড় বাঁধা হলো ভোগবাদী সমাজের বিকৃত ও উন্নাসিক মনোভাব। পরিবাবে থাকা কালেই তারা এই ভোগবাদী মানসিকতার শিকার হয়ে পরে। তারা যদি ধর্মীয় জীবনে প্রবেশের জন্য এগিয়ে আসেও তাদের পক্ষে এই মানসিকতাকে খুব সহজেই জয় করা সম্ভব হয়ে উঠেনা। তাদের মনোভাব তখনও থাকে সহজলভ্য আনন্দের সন্ধানে ব্যস্ত। তখন তাদের কি আছে বা তাদের কি পাওয়া উচিত তা-ই তাদের কাছে মুখ্য বিষয় হয়ে দাড়ায়। তারা যে কি হতে পারলো বা তাদের যে কি হওয়া উচিত সে-ই বিষয় তারা আর নজর দিতে চায়না। আর যৌন ব্যাপারে বর্তমান কালের যুবক যুবতীরা ভোগবাদী মানসিকতার দ্বারা প্রভাবিত হচ্ছে বেশী। তাদের কাছে মানব ব্যক্তি যেন শুধু একটি যৌন বিষয়-ও ভোগের বস্তু। মানব ব্যক্তির প্রকৃত মর্যাদা যে তার মধ্যে নিহিত ঈশ্বরের প্রতিরূপ সেই বিষয় তারা বিশেষ সচেতন নয়। তাছাড়া ধর্মীয় জীবন গঠনে আরো একটি সমস্যা হল স্বাধীনতা সম্পর্কে ভ্রান্ত ধারণা। 'স্বাধীনতা' মানে হল 'নিজের অধীনে থাকা'। কিন্তু বর্তমানে আমাদের যুবক যুবতীরা স্বাধীনতাকে বুঝে থাকে 'যা ইচ্ছা তা করার অধিকার' হিসাবে।

এইসব বিষয়গুলো আমাদের সেমিনারী অথবা ধর্মীয় জীবন গঠনের পথে আজ প্রধান অন্তরায় হিসাবে দেখা দিচ্ছে। তাই এখন আমাদের নতুন

করে চিন্তা ভাবনা করা উচিত এবং গঠনের নতুন কৌশল ও পদ্ধতি উদ্ভাবন করা উচিত যেন যুগের প্রয়োজনের সাথে তাল মিলিয়ে আমরা সামনে এগিয়ে যেতে পারি। তাছাড়া বর্তমান কালের উপযুক্ত করে মানবীয় গঠন দিতে না পারলে আমাদের যুবক যুবতীদের যারা যাজকীয় বা ধর্মীয় জীবন গ্রহণ করতে এগিয়ে আসে তারা স্বাভাবিক যাজকীয় বা ধর্মীয় জীবনের মূল্য ও মর্যাদা অনুধাবন করতে পারবেনা, এবং তাদের জীবন উৎসর্গ করার পরিতৃপ্তি ও আনন্দ পাবেনা। ফলে তাদের নিরানন্দ জীবনের সেবাকাজ হয়ে পরবে একঘেয়ে ও অসহ্য। এই উদ্দেশ্যে আমরা এখানে কয়েকটি গুরুত্বপূর্ণ বিষয় আলোচনা করতে চাই।

যাজকীয় বা ধর্মীয় জীবন গঠনে তিনটি প্রধান ইস্যু বা বিষয় রয়েছে। এই বিষয়গুলো সুষ্ঠু গঠনের জন্য অত্যাবশ্যকীয় এবং এগুলোর ব্যাপারেই যারা গঠন কাজের সঙ্গে যুক্ত তারা সমস্যায় পড়ে থাকেন। এখানে একটা কথা মনে রাখা উচিত যে আমরা কেউই সম্পূর্ণ ত্রুটিহীন গঠনদাতা বা গঠনদাত্রী নই বা তা হতেও পারবনা কোনদিন। সেটা কিন্তু আমাদের লক্ষ্য নয়। আমাদের আসল কাজ হল গঠনের সঙ্গে সম্পৃক্ত করণীয় বিষয়গুলোতে আন্তরিক হওয়া। এখানে আমরা এরূপ তিনটি ইস্যু বা বিষয় নিয়ে আলোচনা কর।

১। প্রার্থী/প্রার্থিনী বাছাই
২। গঠনদান
৩। ধর্মপ্রদেশ বা সম্প্রদায়ের কাঠামো ও চলমান গঠন

১। প্রার্থী/প্রার্থিনী বাছাইঃ

যাজকীয় বা ধর্মীয় জীবন গ্রহণ করতে যে সকল যুবক যুবতী এগিয়ে আসে তাদের কিছু না কিছু সদিচ্ছা থাকে। কিন্তু যাজকীয় বা ধর্মীয় জীবন গ্রহণ করার জন্য শুধু সদিচ্ছা থাকা যথেষ্ঠ নয়। তাই প্রথমেই যে কাজটি করতে হয় তা হল বাছাই করা। অর্থাৎ যে সকল যুবক যুবতী যাজকীয় বা ধর্মীয় জীবনে প্রবেশ করতে এগিয়ে আসে তাদের মধ্যে কে কে প্রার্থী/প্রার্থিনী হতে পারবে তাদের বাছাই করা। গঠনদাতা/গঠনদাত্রীগণ এই ব্যাপারে প্রার্থী/প্রার্থিনীদের সাহায্য করেন যেন তারা তাদের জীবনে ঈশ্বরের

আহ্বান আছে কি না তা বুঝতে পারে। এই কাজটি সহজ নয় কিংবা এককালীনও নয়। এটি একটি চলমান কাজ; অর্থাৎ প্রাথমিক বাছাই পর্ব সম্পন্ন হলেও যারা প্রার্থী/প্রার্থিনী হিসাবে থাকবে তাদের জন্য এই কাজটি চলতেই থাকবে। কাউকে প্রার্থী/প্রার্থিনী হিসাবে গ্রহণ করার জন্য তার শারিরীক, মানসিক ও আধ্যত্মিক বিষয় এবং তার পারিবারিক ও সামাজিক বিষয়গুলো দেখা হয়। দেখা হয় তার নৈতিক অবস্থানের বিষয়টিও। এইজন্য গঠনদাতা/গঠনদাত্রীদের স্মরণাপন্ন হতে হয় সংশ্লিষ্ট পালপুরোহিত, শিক্ষক/শিক্ষিকা, অভিভাবক ও অন্যান্যদের। এই বাছাই কাজ করতে গিয়ে শুধু আবেগ ও অনুভূতির দ্বারা চালিত হওয়া উচিত নয়। মনে রাখা উচিত যে এই কাজটি আমরা করছি ঈশ্বরের আহ্বান স্পষ্টভাবে বুঝতে, কোন ব্যক্তিকে খুশী করতে নয়। তাই দরকার হলে ভাবী প্রার্থী/প্রার্থিনীকে চ্যালেঞ্জ করাও উচিত। যে সব ক্ষেত্রে অস্পষ্টতা রয়ে যায়, সে সব ক্ষেত্রে সময় নেওয়াই বুদ্ধিমানের কাজ। বাছাই করতে গিয়ে যেসব বিষয় লক্ষ্য করা উচিত নিম্নে তা আলোচনা করা হল।

(ক) প্রার্থী/প্রার্থিনীর উপযুক্ততা (Fitness)

বাছাই করতে গিয়ে প্রথমেই দেখা উচিত প্রার্থী/প্রার্থিনীর মানবীয় দিকের উপযুক্ততা। এখানে বিবেচনায় আনতে হয় তার ব্যক্তিত্ব, তার শারিরীক, মানসিক, নৈতিক ও আবেগিক গঠন এবং তার সামাজিক ও পারিবারিক অবস্থান। ধর্মীয় জীবনে প্রবেশ করতে আগ্রহীদের বুদ্ধি ও বিদ্যার উপরও নজর দেওয়া আবশ্যক । প্রার্থী/প্রার্থিনীদের আবেগিক স্থিরতা থাকা একান্ত আবশ্যক। তাদের বুদ্ধির ও আবেগের জীবনের মধ্যে পার্থক্য র্নিণয় করতে না পারলে গঠন কাজ সঠিকভাবে করা সম্ভব নয়। তাছাড়া এটাও দেখা উচিত যেন ভাবী প্রার্থী/প্রার্থিনীর যথোপযুক্ত যৌনজ্ঞান থাকে। যাদের অতিরিক্ত যৌন অভিজ্ঞতা আছে অথবা যাদের সেই বিষয় কোনই জ্ঞান নেই তাদের উভয়ের বেলায়ই সাবধানী হতে হবে। তবে একথাও আমাদের মনে রাখা উচিত যে আমরা কোন সময়ই ত্রুটিহীন প্রার্থী/প্রার্থিনী পাব না। আমাদের দুর্বল প্রার্থী/প্রার্থিনীদেরও গ্রহণ করতে হবে। কিন্তু দেখতে হবে যেন তারা সেই দুর্বলতাকে জয় করার আগ্রহ ও শক্তি রাখে।

(খ) মনোভাব ও যোগ্যতা (Attitude and capacity)

প্রার্থী/প্রার্থিনীদের মনোভাব ও গঠন লাভে তাদের যোগ্যতা পরীক্ষা করে দেখা বাছাই কাজের অন্যতম প্রধান দিক। এক্ষেত্রে তাদের মনঃস্তাত্ত্বিক ও আবেগিক বিষয়গুলো যেমন দেখা হয়, তেমনি দেখা হয় তাদের মনোভাব ও উদ্দেশ্য। তারা কেন এই যাজকীয় বা ধর্মীয় জীবনে প্রবেশ করতে চায় তা পরিষ্কারভাবে জানা দরকার। তারা যদি কোন বিশেষ কাজের প্রতি, ব্যক্তি বা প্রতিষ্ঠানের প্রতি অনুরক্ত হয়ে এই জীবনে প্রবেশ করতে চায়, তাহলে তা কখনোই ঠিক মনোভাব বলে মনে করা উচিত নয়। তাদের শিক্ষা দিতে হবে যেন তারা বুঝতে পারে যে এটা হচ্ছে ঈশ্বরের ডাক এবং এটা শুধুই কোন শখের কাজ করার ইচ্ছা নয়। আবার যে কোন কারণে যদি তাদের মধ্যে কারো যাজকীয় বা ধর্মীয় জীবনের প্রতি প্রবল ভাবাবেশ (obsession) থাকে, তাহলে সে যে কোনভাবেই হয়তো এই জীবনে প্রবেশের জন্য উন্মাত্তের ন্যায় চেষ্টা চালাবে। বাছাই করার সময় খুব সাবধানে এই বিষয়টি লক্ষ্য করা উচিত এবং এরূপ ব্যক্তিদের বাদ দেওয়া উচিত। কারণ তারা আত্মনিয়োগ (commitment) করার মত মনোভাব গড়ে তুলতে পারেনি। এই জীবনে প্রবেশ করে জীবনভর আত্মনিয়োগের ক্ষমতা ও মনোভাব তার আছে কিনা তা যাচাই করে দেখা একান্ত আবশ্যক। প্রার্থী/প্রার্থিনী বাছাই করার সময় আরো একটি বিষয় নজর দেওয়া আবশ্যক। সে বিষয়টি হলো "স্বাধীনতা" সম্পর্কে তাদের ধারণা ও মনোভাব। স্বাধীনতা (freedom) অর্থ যদি তারা মনে করে নিজের সুবিধা ও ইচ্ছা পূরণ করা, তাহলে এ বিষয় তাদের সংশোধন করে দেওয়া উচিত। অন্যথায় তারা "আত্মনিয়োগ" ও "স্বাধীনতার" সমন্বয় সাধন করতে ব্যর্থ হবে।

(গ) প্রার্থী/প্রার্থিনীর উম্মুক্ততা (Openness)

গঠন কাজ হলো একটি চলমান প্রক্রিয়া। এটি কোন এক তরফা বা এককালীন কাজ নয়। গঠন গ্রহণকারী প্রার্থী/প্রার্থিনী যদি এই প্রক্রিয়ার প্রতি বিশ্বস্তবাবে সাড়া না দেয় অথবা যদি তার সেরূপ উম্মুক্ততা (openness) না থাকে তাহলে এই প্রক্রিয়ার ফলে তার মধ্যে কোন বৃদ্ধিলাভ ঘটবেনা এবং তাতে যাজকীয় বা ধর্মীয় জীবনের জন্য সে উপযুক্ততা পাবেনা। প্রার্থী/প্রার্থিনীকে অবশ্যই শিক্ষা ও সংশোধন গ্রহণ করার মনোভাব ও ইচ্ছা দেখাতে হবে। কেউই ত্রুটিহীন প্রার্থী/প্রার্থিনী নয়, কিন্তু তাই বলে যে ত্রুটি

বিচ্যুতিকে জয় করতে চেষ্টা করেনা সে যাজকীয় বা ধর্মীয় জীবনের জন্য উপযুক্ত নয়। যাজকীয় ও ধর্মীয় জীবনে গঠন কাজ করেন প্রকৃত গঠনদাতা পবিত্র আত্মা স্বয়ং। বাছাই করার সময় প্রার্থী/প্রার্থিনীর পবিত্র আত্মার প্রতি উন্মুক্ততা আছে কিনা তা ভাল করে যাচাই করা উচিত।

২। সেমিনারী বা ধর্মীয় জীবনে গঠনঃ

প্রার্থী/প্রার্থিনীরা বাছাই হয়ে যাবার পর সেমিনারীতে বা গঠন গৃহে তাদের গঠন কাজ চলতে থাকে। বাছাই কাজ করার সময় তাদের বিষয় যে সব তথ্য পাওয়া গিয়েছে সেইসব তথ্য তাদের গঠনের জন্য অনেক সহায়ক হতে পারে। তাছাড়া এই সবের আলোকে প্রত্যেক প্রার্থী/প্রার্থিনীর ব্যক্তিগত প্রয়োজনগুলো নির্ণয় করা সহজ হয় এবং সেই প্রয়োজন অনুসারে গঠনদান করা সম্ভব হয়। এক্ষেত্রেও কয়েকটি বিষয় বিবেচনায় আনতে হয়।

(ক) গঠন দর্শন (vision)

গঠন কাজ করতে গিয়ে প্রথমেই যে বিষয়টি বিবেচনায় আনা উচিত তা হল আমাদের ভাবী পুরোহিত ও ধর্মব্রতী/ধর্মব্রতিনীদের স্বরূপ কি হওয়া উচিত তা নির্ণয় করা। অর্থাৎ বাংলাদেশের মন্ডলীতে কি ধরণের যাজক ও ধর্মব্রতী/ধর্মব্রতিনী প্রয়োজন তা স্থির করা আবশ্যক। আমরা যদি তা করতে পারি তাহলে সেই অনুসারে আমাদের একটি গঠন দর্শনও তৈরী করা আবশ্যক। সেই গঠন দর্শন অনুসারে গঠন কাজে আত্মনিয়োগ করা আমাদের পক্ষে সহজ হবে। এখানেই আমাদের স্থানীয় মন্ডলীর বাস্তবতা ও পুরোহিত বা ধর্মব্রতী/ধর্মব্রতিনীদের কাছে জনগণের প্রত্যাশা কি সেই বিষয় নজর দেওয়ার প্রয়োজন দেখা দেয়। সেইজন্য স্থানীয় মন্ডলী ও সম্প্রদায়ের প্রকৃতি ও প্রয়োজন সম্পর্কে যথাযথ ও সম্যক ধারণা না থাকলে গঠন কাজ সুষ্ঠভাবে করা সম্ভব নয়। আমরা কি ধরণের পুরোহিত বা ধর্মব্রতী/ধর্মব্রতিনী তৈরী করতে চাই তা নির্ভর করে আমরা আমাদের গঠন দর্শন কিভাবে বাস্তবায়ন করছি। আর আমরা যখন বলছি আমরা কেমন ধরণের পুরোহিত বা ধর্মব্রতী/ধর্মব্রতিনী চাই, তখন আমরা আসলে আমাদের নিজেদের জন্যই একটি আদর্শ লক্ষ্য (ideal goal) স্থির করছি। তবে তা সত্ত্বেও আমাদের ভুলে গেলে চলবে না যে আমাদের দুর্বলতা ও সীমাবদ্ধতা রয়েছে;

আর সব সময়েই তা থাকবে। তাছাড়া সর্বোত্তম পালকীয় সেবার জন্য বুদ্ধি ও দক্ষতার উপর জোর দেওয়ার যে প্রবণতা আমাদের আছে তারও একটি ভারসাম্য থাকা উচিত। আবার অনেক ক্ষেত্রে দেখা যায় ধর্মপ্রদেশ ও সম্প্রদায়ে কর্মীর স্বল্পতা বিবেচনা করে খুব সহজভাবে প্রার্থী/প্রার্থিনীদের গ্রহণ করা হয়ে থাকে। এই প্রবণতা মন্ডলী ও সম্প্রদায়ের জন্য কোন ভাল লক্ষন নয়।

(খ) গঠনদাতা/গঠনদাত্রীদের ভূমিকা (Role of formator)

যারা গঠন দানের সঙ্গে জড়িত তাদের নানা ভূমিকা রয়েছে। প্রথমতঃ সুন্দর ও যথোপযুক্ত গঠনের জন্য দরকার সুযোগ্য ও দক্ষ গঠনদাতা/ গঠনদাত্রী। এই কাজে নিয়োগের ক্ষেত্রে দায়সারা গোছের কোন সিদ্ধান্ত নেওয়া কখনোই উচিত নয়। এ ক্ষেত্রে কোন ব্যক্তির বুদ্ধি, শিক্ষাগত যোগ্যতা ও কর্মদক্ষতা যথেষ্ঠ নয়। তাকে অবশ্যই স্থানীয় মন্ডলীর প্রয়োজন ও গঠন দর্শনের বিষয় সচেতন ও সচেষ্ট হতে হবে। গঠন কাজে আত্মনিয়োগ করতে তাকে আগ্রহী হতে হবে। এই কাজ করতে গিয়ে নিজের ইচ্ছা অনিচ্ছা বা খেয়াল খুশীর বাস্তবায়ন না করে বরং তাকে প্রকৃত প্রয়োজন খুঁজে নিয়ে অন্যদের সঙ্গে দলগতভাবে (team) গঠন কাজের চাহিদা পূরণ করতে সচেষ্ট হতে হবে। তাই গঠন কাজে এমন ব্যক্তিদেরই নিয়োগ করা উচিত যারা নিজেদের উপরে নিয়ন্ত্রন রাখে এবং গঠন কাজকে সব কিছুর উপরে স্থান দেয়। আবেগ তাড়িত কোন ব্যক্তির পক্ষে একাজ করা সম্ভব নয়। আমাদের দেশে এখনো পর্যন্ত উপযুক্ত গঠনদাতা/গঠনদাত্রীর অভাব রয়েছে। প্রয়োজনবোধে অন্যান্য ক্ষেত্রে ত্যাগস্বীকার করে হলেও ধর্মীয় জীবন গঠনের ক্ষেত্রে অগ্রাধিকার ভিত্তিতে উপযুক্ত ব্যক্তিদের নিয়োগ করা আবশ্যক।

গঠনদাতা বা গঠনদাত্রীদের পরিচালনা, নেতৃত্ব ও স্বতঃস্ফুর্ততা স্থানীয় মন্ডলী ও সম্প্রদায়কে ধর্মীয় জীবন গঠন সম্পর্কে সচেতন করে তুলতে পারে এবং সকলকে এই গঠনদানের কাজে অংশ গ্রহণ করতে আগ্রহী করে তুলতে পারে। প্রত্যেক গঠনদাতা/গঠনদাত্রীর প্রধান সম্পদ তার বিশ্বাসযোগ্যতা (credibility)। অর্থাৎ সে যা শিক্ষা দিচ্ছে তা তার নিজ জীবনে প্রয়োগ করে সে হয়ে উঠে একজন সত্যিকারের সাক্ষ্য (witness)। আমরা জানি যে কোন ব্যক্তিই ত্রুটিহীন গঠনদাতা/গঠনদাত্রী হতে পারবে না। প্রত্যেকেরই

কিছু না কিছু দুর্বলতা থাকবে। কিন্তু তা সত্ত্বেও এটা দেখা উচিত যিনি গঠনদানের কাজ করছেন তিনি সেইসব দুর্বলতাকে জয় করার জন্য আন্তরিকভাবে চেষ্টা চালিয়ে যাচ্ছেন কিনা। গঠনদান করতে গিয়ে অব্যহতভাবে নিজেও গঠন লাভ করতে হয়। এই অব্যহত গঠনের প্রতি উন্মুক্ত না হলে কেউ ভাল গঠনদাতা/গঠনদাত্রী হতে পারবে না।

গঠনদানের কাজে গঠনদাতা/গঠনদাত্রী হলেন প্রার্থী/ প্রার্থিনীদের সহযাত্রী সঙ্গী/সঙ্গিনী। তিনি যদি গঠনদানের কাজে উন্মুক্ত ও বিচক্ষন না হন তাহলে তিনি নিজেই গঠনের সবচেয়ে বড় বাঁধা হয়ে দাঁড়াতে পারেন। তাই গঠনদাতা/গঠনদাত্রী হিসেবে তাঁকে তাঁর যথাযথ ভূমিকা সম্বন্ধে সচেতন থাকা আবশ্যক। প্রথমতঃ তিনি হলেন গঠন গৃহের অধ্যক্ষ/অধ্যক্ষা বা কর্তা/কর্ত্রী। তাঁর ভূমিকা হল প্রার্থী/প্রার্থিনীদের বাবা/মায়ের মত। তিনি তাঁর সন্তানদের ভালবাসেন অকৃত্রিম ভালবাসায়। কিন্তু এই ভালবাসা চ্যালেঞ্জ বিহীন নয়। তিনি প্রার্থী/প্রার্থিনীদের ভালবাসেন এবং চ্যালেঞ্জ করেন তাদের প্রকৃত গঠন ও বৃদ্ধিলাভের জন্য। বাবা-মায়ের মত তিনি প্রার্থী/প্রার্থিনীদের সঙ্গে সংহতি প্রকাশ করেন যেন তিনি তাদের জীবনের প্রকৃত প্রয়োজন সমূহ জানতে পারেন এবং সেই অনুসারে তাতে সাড়া দিতে পারেন।

গঠনদাতা/গঠনদাত্রীর দ্বিতীয় কাজটি হল প্রার্থী/প্রার্থিনীদের অনুপ্রেরণা দান ও উদ্বুদ্ধকরণ। এই ভূমিকায় তিনি হবেন প্রার্থী/প্রার্থিনীদের জন্য সৃজনশীলতা ও উৎসাহ-উদ্দীপণার উৎস। তাঁর পরামর্শে ও উৎসাহের মাধ্যমে প্রার্থী/প্রার্থিনীরা নতুন নতুন উদ্যোগ গ্রহণ করতে এগিয়ে আসবে। ধর্মপ্রদেশে ও সম্প্রদায়ে ভিন্ন ভিন্ন মতামত ও কর্মপদ্ধতির কারণে সবসময়ই কিছু মতপার্থক্য ও সংঘাত থেকে যেতে পারে, সেই মতপার্থক্য ও সংঘাত নিরসনে গঠনদাতা/গঠনদাত্রীগণ ফলপ্রসু ভূমিকা রাখতে পারেন।

গঠনদাতা/গঠনদাত্রীদের তৃতীয় কাজ হল সেবা দান। গঠনদানের কাজে যারা জড়িত তারা স্থানীয় মন্ডলী বা সমাজের কাছে যেন হয়ে উঠেন একজন সেবক/সেবিকারই মত। ধর্মপ্রদেশ বা সম্প্রদায়ের প্রতি তাঁর অকৃত্রিম ভালবাসার জন্য তাঁর সকল সেবাকাজ ও ত্যাগস্বীকার উৎসর্গ করেন। তাই তাঁর তৃতীয় কাজ হল নিজ জীবনে ভালবাসা ও সেবার সাক্ষ্য দান করা।

তাঁদের চতুর্থ কাজটি হল প্রকৃত আহ্বান বুঝতে প্রার্থী/প্রার্থিনীকে সাহায্য করা এবং উপযুক্ত প্রার্থী/প্রার্থিনী বাছাই করা। এই কাজটি খুবই কঠিন এবং কখনোই একা করা সম্ভব নয়। তাই তাঁকে এই ব্যাপারে অন্যদের সহযোগিতা গ্রহণ করতে হয় এবং প্রার্থী/প্রার্থিনীকে সকল প্রকার সহায়তা দিতে হয় যেন সে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করতে পারে। এই কাজ করতে গিয়ে তাঁকে প্রার্থনা করতে হয় ও জীবন সাক্ষ্য দিতে হয়। এছাড়াও তাঁকে যুগ লক্ষন নির্ণয় করে সেই অনুসারে নির্দেশনা দেওয়ার দক্ষতাও রাখতে হয়।

উপরোক্তকাজগুলো একার পক্ষে করা সম্ভব নয়। তাই গঠন দানের কাজ করার জন্য একটি দল (team) থাকা আবশ্যক। সেই দলের সদস্য/সদস্যাদের উপর ভিন্ন ভিন্ন দায়িত্ব থাকবে কিন্তু প্রধাণ গঠনদাতা/গঠনদাত্রী সকলের কাজেরই একটি সুন্দর সমন্বয় ঘটাতে সর্বদা সচেষ্ট থাকবেন। এই দলের সদস্যদের মতামত বিভিন্ন হওয়া অস্বাভাবিক নয়, তবু তাদের অভিন্ন একটি গঠন দর্শনের প্রতি বিশ্বস্থ থাকা আবশ্যক।

(গ) পরিবেশ (Environment)

ধর্মীয় জীবনে সঠিক গঠনের জন্য সেমিনারী বা গঠন গৃহে থাকা দরকার যথোপযুক্ত পরিবেশ। এই পরিবেশ যেন যাজকীয় বা ধর্মীয় জীবনে প্রবেশকারী/প্রবেশকারিনীদের বৃদ্ধিলাভ করতে (growth) ও উন্মুক্ত হতে (openness) সাহায্য করে। এখানে প্রার্থী/প্রার্থিনীদের সাহায্য করা হয় যেন তারা তাদের স্বাধীনতা (freedom) ও সঠিক বিচার বিবেচনা প্রয়োগ করে (discernment) তাদের সঠিক আহ্বান খুঁজে পেতে পারে। যদি গঠন গৃহে তারা সঠিক পরিবেশ না পায় তাহলে তারা কোন ভাল ও পরিপক্ক সিদ্ধান্তে পৌঁছতে পারবে না। তাই সেমিনারী সমূহে ও অন্যান্য গঠন গৃহে আহ্বানের বীজ অঙ্কুরিত হবার উপযুক্ত পরিবেশ সৃষ্টি করা দরকার যেন সেমিনারীয়ানরা ও ধর্মীয় জীবনের প্রার্থী/প্রার্থিনীরা তাদের আনুসঙ্গিক সকল বিষয়ে বৃদ্ধিলাভ করতে পারে। এই বৃদ্ধিলাভে সহায়তা করার জন্য তাদের দান করা উচিত একটি উন্মুক্ততার পরিবেশ। এই উন্মুক্ততা হবে দ্বিমুখী। অর্থাৎ গঠনদাতা/গঠনদাত্রীদের যেমন প্রার্থী/প্রার্থিনীদের প্রতি উন্মুক্ত থাকা উচিত, তেমনি প্রার্থী/প্রার্থিনীদেরও গঠনদাতা/গঠনদাত্রীদের প্রতি উন্মুক্ত থাকা আবশ্যক।

উন্মুক্ততার অনেক স্তর রয়েছে, তবে উন্মুক্ততার মধ্যে যা একান্তই থাকা আবশ্যক তা হল পরস্পরের প্রতি শ্রদ্ধাবোধ (respect)। এই শ্রদ্ধাবোধ পরস্পরকে একে অপরের উপর আস্থা রাখতে সাহায্য করবে। উন্মুক্ততার প্রধান বাধা হল ভয় (fear)। অর্থাৎ উন্মুক্ত হওয়ার ফলে যা প্রকাশ পেল তার কারণে যদি কোন অশুভ পরিনতির শিকার হওয়ার সম্ভাবনা থাকে তাহলে প্রার্থী/প্রার্থিনী উন্মুক্ত হতে ভয় পাবে। আবার গঠনদাতা/গঠনদাত্রী এমন ভয়ও করতে পারেন যে উন্মুক্ত হওয়ার ফলে যে সমস্যার কথা বলা হবে তার সঠিক সমাধান তিনি হয়তো দিতে পারবেন না। এই ভয় কাটানোর জন্য উভয়েরই নজর দেওয়া উচিত মন্ডলীর প্রতি তাদের যে ভালবাসা আছে সেই ভালবাসা এবং তাদের প্রত্যেকের ব্যক্তিগত ও সমষ্টিগত কল্যানের দিকে। তাদের মনে রাখা উচিত যে তাদের ব্যক্তিগত সাধ পূরণের জন্য নয় বরং ঈশ্বরের পরিকল্পনা পূরণ করতেই তারা আহুত। এইভাবে তারা মন্ডলীর কল্যানও নিশ্চিত করতে পারেন।

সেমিনারী বা ধর্মীয় জীবন গঠনে প্রায়ই যে বিষয়গুলোর মোকাবেলা করতে হয় সেগুলো হলঃ

(১) কর্তৃপক্ষের সঙ্গে অতিরিক্ত ভাব জমানো ও খাতির করা (hang-ups)
(২) বৈষম্যমূলক আচরণ ও ব্যক্তিবিশেষের উপর পক্ষপাতমূলক ভিন্ন মনোভাব (biases and prejudices)
(৩) যাজকীয়/ধর্মীয় জীবনের প্রতি উন্মাদসূলভ ভাবাবেশ (obsession)
(৪) সেমিনারীয়ান বা প্রার্থী/প্রার্থিনীদের মধ্যে ত্রুটি সম্পর্কে পারস্পরিক "নীরবতার নীতি" (code of silence)
(৫) মঙ্গলসমাচারের আদর্শে জীবন সাক্ষ্যের অভাব (witnessing in Gospel ideals)
(৬) গঠনের বিভিন্ন দিকের সমন্বয় ঘটানোর অভাব (balancing of different aspects of formation)

এই ৬টি বিষয় প্রায় সকল গঠন গৃহেই কম বেশী দেখা যায়। তা সত্ত্বেও সেমিনারী বা গঠন গৃহের পরিবেশ এমন হওয়া উচিত যেন

সেমিনারীয়ান বা প্রার্থী/প্রার্থিনীরা শুধু খাপ খাওয়ানো বা মানিয়ে চলার (conformity) মধ্যেই সীমাবদ্ধ না থাকে। সেমিনারীয়ান বা প্রার্থী/প্রার্থিনীরা যদি উন্মত্তের মত যে কোন মূল্যেই যাজকীয় বা ধর্মীয় জীবনে প্রবেশ করতে চায় তাহলে তারা এই মানিয়ে চলার নীতি অবলম্বন করে। তারা যা চায় তা অর্জন করতে দরকার হলে তারা ছলনা ও চাতুরীরও আশ্রয় নেয়। এই জন্য প্রার্থী/প্রার্থিনীদের পারিবারিক, সামাজিক ও নৈতিক জীবন পর্যালোচনা করে দেখা উচিত। কারণ এ সমস্যাটি শুধু ব্যক্তিগত না হয়ে সামাজিক ও সাংস্কৃতিকও হতে পারে। যদি তা-ই হয় তাহলে তা স্থানীয় মন্ডলী ও সমাজের একটি চিত্রও প্রকাশ করে। আর তাই সেমিনারীয়ান ও প্রার্থী/প্রার্থিনীদের গঠনে সেই বিষয়ও নজর রাখার প্রয়োজন দেখা দিতে পারে। এইভাবে তাদের গঠন প্রক্রিয়ার সমন্বয় ও তাদের ব্যক্তিগত জীবনের নিরাময়তার উপর জোর দেওয়া সম্ভব হয়। এই দলীয় সমন্বয় ও ব্যক্তিগত নিরাময়তা যে কোন স্থানীয় মন্ডলী ও সম্প্রদায়ের জন্যই একান্ত কাম্য বিষয়।

৩। ধর্মপ্রদেশ বা সম্প্রদায়ের কাঠামোঃ

সেমিনারীতে বা গঠন গৃহ সমূহে যে গঠন দান করা হয় তা যাজকীয় বা ধর্মীয় জীবনের সর্বশেষ বা চূড়ান্ত গঠন নয়। যাজকীয় গঠন বা ধর্মীয় জীবনের প্রশিক্ষণ এর পরও অব্যহতভাবে চলতে থাকে। তবে সেমিনারী বা গঠন গৃহের যে গঠন তা ধর্মপ্রদেশ বা ধর্মীয় সম্প্রদায় সমূহের প্রয়োজনের তাগিদেই দেওয়া হয়। এখানে যে গঠন দেওয়া হয় তার বাস্তব প্রতিফলন দেখা যায় সংশ্লিষ্ট ধর্মপ্রদেশ বা সম্প্রদায়ের জীবনে। আবার অন্যদিকে স্থানীয় মন্ডলী বা সম্প্রদায়ের জীবনধারা, আচার আচরণ, রীতিনীতি ও সংস্কৃতি নতুন পুরোহিত বা ধর্মব্রতী/ধর্মব্রতিনীদের বিপুলভাবে প্রভাবিত করে। তেমনিভাবে নানা অপসংস্কৃতির প্রভাবও তাদের উপর পড়ে। তাই স্থানীয় মন্ডলী বা ধর্মসম্প্রদায় সমূহের কর্তৃপক্ষের উচিত এমন একটি সুষম কাঠামো তৈরী করা যাতে সকল নতুন পুরোহিতগণ ও ব্রতধারী/ব্রতধারিনীগণ অব্যহত গঠন ও বৃদ্ধিলাভের প্রক্রিয়া চালিয়ে যেতে পারেন।

(ক) চলমান গঠন (on-going formation)

পুরোহিত ও ব্রতধারী/ব্রতধারিনীদের জন্য চলমান গঠন একান্ত আবশ্যক।

ধর্মীয় জীবন সংক্রান্ত পোপীয় দপ্তর কর্তৃক প্রকাশিত "ধর্মীয় জীবনে নবায়ন" (Renovationis causam-1969) নামক দলিলে এবং পোপ ৬ষ্ঠ পল কর্তৃক প্রকাশিত "ধর্মীয় জীবনে যুগোপযোগী নবায়ন বিষয়ক নির্দেশনামা" (Perfectae caritatis-1965) এবং "ধর্মীয় জীবনে নবায়ন বিষয়ক প্রৈরিতিক প্রেরণাপত্র" (Evangelica testificatio-1971) নামক দলিল দুটিতে ব্রতধারী/ব্রতধারিনীদের নবায়ন ও অব্যহত গঠনের উপর সবিশেষ গুরুত্ব আরোপ করা হয়ছে। পুরোহিত ও ব্রতধারী/ব্রতধারিনীদের সেবাদায়িত্বের পাশাপাশি যে চলমান গঠনের প্রতি মনোযোগী হতে বলা হয়েছে তা বস্তুত ২য় ভাটিকান মহাসভারই শিক্ষা। এই শিক্ষা দেওয়া হয়েছে "পুরোহিতদের প্রশিক্ষণ" (Optatam totius- 1965) এবং "পুরোহিতদের সেবাকাজ ও জীবন বিষয়ক নির্দেশনামা" (Presbyterorum ordinis-1965) নামক দলিল দুটিতে। পোপ ২য় জনপল "তোমাদের পালক" (Pastores dabo vobis-1992) নামক প্রৈরিতিক প্রেরণা পত্রে পুরোহিতদের নবায়নের উপর গুরুত্বারোপ করে যে কথা বলেছেন তা সকল ধর্মব্রতী/ধর্মব্রতিনীর বেলায়ই খাঁটে। আমাদের দেশের নতুন পুরোহিত ও ব্রতধারী/ব্রতধারিনীদের একটি প্রধান সমস্যা হল যে তারা সেবা দায়িত্বের পাশাপাশি তাদের যাজকীয় বা ধর্মীয় জীবনের নবায়নের দিকে তেমন বেশী আগ্রহী নন। ঐশতাত্ত্বিক ও ধর্মীয় বিষয় তারা পড়াশুনা প্রায় করেন না বললেই চলে। তাই তারা তাদের সেবা কাজে সৃজনশীলতা হারিয়ে ফেলেন এবং তাদের পালকীয় কাজে নতুন নতুন উদ্যোগ গ্রহণের পথ খুঁজে পান না। সবচেয়ে বড় কথা হল এইভাবে তারা তাদের জীবনে নতুনত্ব হারিয়ে একঘেঁয়েমীতে ভোগেন। তাই সর্বদা তাদের যাজকীয় বা ধর্মীয় জীবনে নবায়নের প্রচেষ্টা চালিয়ে যাওয়া উচিত।

(খ) উৎসাহ ও সহায়তা দানের পদ্ধতি (method)

ধর্মপ্রদেশ বা ধর্মীয় সম্প্রদায় এই চলমান গঠনে অবদান রাখতে পারে এবং তা রাখা উচিতও। প্রত্যেক ব্রতধারী/ব্রতধারিনীকে তার শিক্ষা, জ্ঞান, দক্ষতা, যোগ্যতা, মেধা, ইত্যাদি যাচাই করে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণ গ্রহন ও বিভিন্ন ক্ষেত্রে নতুন নতুন উদ্যোগ গ্রহণের সুযোগ করে দেওয়ার মাধ্যমে এই অবদান রাখা যায়। সেইজন্য গঠন গৃহে যেমন সেমিনারীয়ান বা প্রার্থী/

প্রার্থিনীদের জীবন বৃত্তান্ত সংরক্ষন করা হয়, তেমনি পরবর্তীতেও সংশ্লিষ্ট কর্তৃপক্ষের উচিত তা করা, যেন তাদের ব্যক্তিগত বৃদ্ধিলাভে সহায়তা দেওয়া সম্ভব হয় এবং স্থানীয় মন্ডলী ও সম্প্রদায়ের সর্বোত্তম সেবায় তাদের নিয়োজিত করা যায়। তাদের প্রত্যেকের ব্যক্তিগত যোগ্যতা ও দক্ষতার যথাযথ মূল্যায়ন করার মাধ্যমে তাদের বিভিন্ন ক্ষেত্রে নিয়োগ করা উচিত। তাদের যদি কোন দৈহিক, মানসিক, নৈতিক, আধ্যাত্মিক ইত্যাদি সমস্যা দেখা দেয় তাহলে তাদের সাহায্য করা উচিত যেন তারা তা জয় করতে পারে। তাই প্রত্যেক নবীন পুরোহিত বা ব্রতধারী/ব্রতধারিনীকে তার চরিত্রের মন্দ দিকগুলো জয় করার জন্য উৎসাহ ও সাহায্য প্রদান করা আবশ্যক। এইভাবে তারা যাজকীয় বা ধর্মীয় জীবনে সুখী হতে পারবে।

(গ) সংঘবদ্ধ জীবন ও ভ্রাতৃসমাজ (community life and fraternity)

ব্রতীয় জীবনে সংঘবদ্ধতা (communion) এবং যাজকীয় জীবনে সংস্কারীয় ভ্রাতৃত্ব (sacramental fraternity) অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়। গঠন গৃহে প্রশিক্ষনের সময় নতুন পুরোহিত বা ব্রতধারী/ব্রতধারিনীর মনে যে আদর্শের বীজ বপন করা হয় তা রক্ষা করার জন্য সংঘবদ্ধ জীবন ও ভ্রাতৃসমাজ তাদের সহায়তা করে থাকে। ঐক্য (unity) ও ভালবাসার বন্ধন (bond of love) ব্যক্তিকে যেমন বৃদ্ধি পেতে সহায়তা করে, তেমনি সহায়তা করে যাজকীয় বা ধর্মীয় জীবনে আহ্বান বৃদ্ধিতেও। আমরা সবাই জানি যে সম্প্রদায়ের সংঘবদ্ধ জীবনে বা পুরোহিতদের ভ্রাতৃসমাজে পারস্পরিক দরদ ও ভালবাসার দ্বারা আমরা একে অপরকে কত বলিষ্ঠভাবে সাহায্য করতে পারি। নীরব থেকে সহ্য করে অথবা মাঝে মাঝে সরাসরি কোন ব্যাপারে হস্তক্ষেপ করে আমরা এরূপ সহায়তা দিতে পারি এবং সুহমর্মী ও সহযাত্রী হতে পারি। তাই শুধু ধর্মসম্প্রদায়গুলোরই নয়, বরং ধর্মপ্রদেশীয় যাজকদের ভ্রাতৃসংঘেরও উচিত এইরূপ পারস্পরিক সমর্থন ও সহযোগিতার একটি শক্তিশালী ব্যবস্থা গড়ে তোলা। এই সমর্থন ও সহযোগিতার সর্বোত্তম পন্থা হল প্রার্থনায় সহযাত্রী হওয়া ও জীবন সহভাগিতা করা।

উপসংহারঃ

এই প্রবন্ধে আমি যাজকীয় ও ধর্মীয় জীবন গঠনের তিনটি প্রধান বিষয়

নিয়ে আলোচনা করেছি। কিন্তু এই তিনটি বিষয় ছাড়াও আরো অনেক বিষয় রয়েছে আমাদের সেমিনারী ও ধর্মীয় জীবন গঠনের ক্ষেত্রে। আমাদের প্রত্যেকেরই এই বিষয় কম বেশী অভিজ্ঞতা আছে। এখানে আমাদের এই বিষয় আলোচনা ও সহভাগিতা করা উচিত। আমাদের ব্যক্তিগত ও সম্প্রদায়গত অভিজ্ঞতার আলোকে সত্যনিষ্ঠ সহভাগিতায় শরীক হয়ে এবং পারস্পরিক সহভাগিতার দ্বারা সমৃদ্ধ হয়ে এবং উন্মুক্ত মনোভাব নিয়ে আমরা আমাদের গঠন কাজের পর্যালোচনা করব। আমাদের গঠন পদ্ধতির মূল্যায়ন করে যদি আমরা একটি সমন্বিত গঠন পদ্ধতি গড়ে তুলতে পারি তাহলে আমরা আরো ভাল ভাবে আমাদের কাজ করতে পারব। আমাদের গঠন পদ্ধতি হয়তো ত্রুটিহীন হবে না কোন দিন, কিন্তু তা সত্ত্বেও আমাদের আন্তরিক প্রচেষ্টা চালিয়ে যাওয়ার অঙ্গীকার করা উচিত।

আমাদের বিভিন্ন ধর্মপ্রদেশ ও ধর্মসম্প্রদায়গুলোর সামাজিক, সাংস্কৃতিক ও উদ্দেশ্যগত বা প্রেরণাগত (charism) পটভূমি রয়েছে। সুতরাং একটি মাত্র নির্দ্দিষ্ট গঠন পদ্ধতি সকলের জন্য একইভাবে প্রযোজ্য না-ও হতে পারে। প্রত্যেক দলের জন্য আলাদা আলাদা গঠন পদ্ধতি ও নীতিমালা খুঁজে বের করতে হবে নিজস্ব সামাজিক, সাংস্কৃতিক ও সম্প্রদায়গত বৈশিষ্টের আলোকে। তবে মনে রাখা উচিত যে সর্বোচ্চ মূল্যবোধ ও সংস্কৃতি হচ্ছে মঙ্গল সমাচারের ভালবাসার মূল্যবোধ ও সংস্কৃতি। তাই যাজকীয় জীবন ও ধর্মীয় জীবন গঠনে মঙ্গল সমাচারের মূল্যবোধ ও সংস্কৃতি যেন সর্বোচ্চ স্থান পায়। এর জন্য আমাদের যে কোন মূল্যই দিতে প্রস্তুত থাকা উচিত।

গঠন দান করতে গিয়ে মনে রাখা উচিত যে আমাদের লক্ষ্য জ্ঞানী ও দক্ষ পুরোহিত বা ব্রতধারী/ব্রতধারিনী তৈরী করার চাইতে বেশী পবিত্র পুরোহিত বা ব্রতধারী/ব্রতধারিনী তৈরী করা। তাই এই কাজটি করতে গিয়ে আমাদের নির্ভর করতে হয় পবিত্র আত্মার উপর। কারণ পবিত্র আত্মাই হচ্ছেন আমাদের আসল গঠনদাতা (real formator)। আমরা তার নামেই একাজটি করে থাকি। তাই আমরা যারা গঠনদাতা/গঠনদাত্রী, আমাদের উচিত সর্বদা প্রার্থনা করা ও সিদ্ধান্ত নেওয়ার বেলায় পবিত্র আত্মার প্রতি উন্মুক্ত থাকা যেন সেমিনারীয়ান বা প্রার্থী/প্রার্থিনীর সঙ্গে মিলে আমরা সঠিক সিদ্ধান্তে পৌছতে পারি। আমরা যেন গড়তে পারি মানুষ ধরার প্রকৃত জেলে এবং মঙ্গল বাণীর আদর্শ বাহক, যারা লাভ করবে

আমাদের গুরু ও প্রভু সেই যীশু খ্রীষ্টের হৃদয় এবং চালিত হবে তাঁরই ভালবাসার দ্বারা।

সহায়ক সূত্রসমূহঃ

1. Vat. II, Perfectae Caritatis, 28 October 1965.
2. Vat. II, Optatam Totius, 28 October 1965.
3. Vat. II, Presbyterorum Ordinis, 7 December 1965.
4. S.C.R.S.I., Renovationis Causam, 6 January 1969.
5. Paul VI, Evangelica Testificatio, 29 June 1971.
6. S.C.E.P., Pastoral Guide for Diocesan Priests, 1 October 1989.
7. John Paul II, Pastores Dabo Vobis, 25 March 1992.
8. Chito Bernardo (SAIDI), Class Notes on Spiritual Direction.

মন্দতা নিয়ে জীবন যাপন

ফাঃ গিলবার্ট লাগু, সি, এস, সি,

নৈতিক মন্দতা ঃ পাপ

যদি পাপের দিকে অতিরিক্ত একচেটিয়াভাবে লক্ষ্য করি, তবে ব্যক্তিকে পাপের অবস্থা থেকে যে মুক্তি দিতে পারি, তা নয়। বরং তাকে ইতিবাচক সমাধান থেকে দূরে নিয়ে যাই। সেই ব্যক্তি তার নিজের প্রতি "ন্যায়পরায়ণতা" নিয়ে ব্যস্ত হয়ে, নিজের মধ্যে বন্ধ থাকে। যে কোন মূল্যে তার তৈরী করা নৈতিক আদর্শে পৌঁছতে চেষ্টা করে অনেক দুশ্চিন্তা ও মানবিক যন্ত্রণার মধ্য দিয়ে। সেই প্রচেষ্টা তাকে নিয়ে যায় আধ্যাত্মিক স্বয়ং সম্পূর্ণতার দিকে।

পাপ আসলে তার খ্রীষ্টিয় অর্থ গ্রহণ করে কেবলমাত্র যদি তা দেখি পবিত্র ইতিহাসের আলোতে পরম ক্ষমাশীলতা ও মুক্তিদায়ী ভালবাসায়। যীশু খ্রীষ্ট যে পুনর্মিলন স্থাপন করেন, তাতে প্রকাশিত হয় পিতার অমূল্য ও চূড়ান্ত উদ্যোগ, কেবলমাত্র পাপের ব্যাপারেই নয় বরং সম্পূর্ণ সৃষ্টির জন্যও। খ্রীষ্ট বিশ্বাসী যখন বিশ্বাসের দৃষ্টিতে দেখে, তখন সে পাপকেও ইতিবাচক ভাবে দেখতে পারে, এবং তা বহন করতে পারে পূর্ণ ও চূড়ান্ত মুক্তির আশায়। এই মুক্তিদায়ী গতিকে যদি উল্টাই, তাহলে মানুষকে রাখি একাকী করে; এবং প্রকৃত মুক্তিদায়ী অভিজ্ঞতা থেকে তাকে বঞ্চিত করি, যে অভিজ্ঞতা সে পেতে পারে কেবল মাত্র, "জগতের পাপ যিনি হরণ করেন" তার সঙ্গে যদি সক্রিয় সাক্ষাৎ করে। (যোহন ১ঃ২৯)।

ঈশ্বরের অন্তরে প্রবেশ করে তার প্রেমের উদ্দেশ্য পূর্ণভাবে আবিষ্কার করতে হয়; আবিষ্কার করতে হয় সৃষ্টির মৌলিক উত্তমতা, আমার কাছে পিতা ঈশ্বরের ব্যক্তিগত দান হিসাবে।

যদি ঐতিহাসিক ও বাস্তব দৃষ্টিকোন দিয়ে দেখি, তাহলে পাপকে কখনোই সম্পূর্ণ নেতিবাচক বলা যায় না। মানব ব্যক্তি অনবরত নতুন কিছু হয়ে উঠে। জীবন যাপন করতে শিখে অনেক নিরীক্ষার মধ্য দিয়ে। মানব ব্যক্তি যদি বৃদ্ধি লাভ করতে চায় তবে সেই শিক্ষা খুবই দরকার। তার মধ্যে অবশ্য ভুল পথে যাওয়ার ঝুঁকি আছে। নিরীক্ষায় তার ফলাফল ভাল বা মন্দ যে কোনটিই হতে পারে । তবু সেই নিরীক্ষায় সে সুযোগ পায় তার ভুলগুলি

সংশোধন করতে এবং তার অভিজ্ঞতায় যা গঠনমূলক তার জন্য এবং অপরের জন্য সেটা ব্যবহার ও বিকশিত করতে। এমন কোন মানবিক অভিজ্ঞতা নেই তা যত নেতিবাচকই হোক, যার ফলে প্রজ্ঞার একটা পথ খোলা যায় না। একজন ব্যক্তি বা একটি জাতির ইতিহাস তৈরী হতে পারে বিশ্বাসঘাতকতা ও মন পরিবর্তন দিয়ে; একটি সময় আছে এড়িয়ে যাওয়ার জন্য আর ফিরে আসার জন্য, দূরে যাবার জন্য আর কাছে আসার জন্য। স্বাধীনতা, বন্ধুত্ব, পরিপূরকতা, বিশ্বস্ততা, শ্রদ্ধা, কথাগুলির আসল অর্থ আমরা বুঝতে পারি যখন অভিজ্ঞতার মাধ্যমে এগুলোর ইতিবাচক দিক আস্বাদন করতে পারি। প্রকৃত খ্রীষ্টিয় মন পরিবর্তন কাউকে তার অতীত জীবনকে অস্বীকার করতে বাধ্য করে না। বরং তার বিপরীতটিই সত্য। ক্ষমার স্নেহময় তাপে ও ঈশ্বরের উদ্যমের আলোতে, "যিনি প্রথমে আমাদের ভালবাসলেন" (১ম যোহন ৪ঃ১০) "আমরা যখন এখনও পাপী ছিলাম", মানুষ তার অতীত কাল সম্পূর্ণ নতুন ও শান্তিদায়ক দৃষ্টিকোন থেকে দেখতে পারে। বিশ্বাসী মানুষকে তার অতীত জীবনের অন্ধকারময় দিকগুলিকে ছুড়ে ফেলে দেওয়ার দরকার নেই, বরং সেখানেই সে ঈশ্বরের ত্রুটিহীন বিশ্বস্ততার চিহ্নগুলি দেখে, সে একটি আশাপূর্ণ ভবিষ্যতের প্রতিশ্রুতি দেখে।

সীমাগুলির অভিজ্ঞতা ও খ্রীষ্টিয় বিশ্বাসের দৃষ্টি

আমাদের সীমাগুলির অভিজ্ঞতা আমাদের অপমানজনক ভাবে উৎপীড়ন করে -- সেই অভিজ্ঞতা বিভিন্ন রূপ গ্রহণ করে; দৈহিক যন্ত্রণা, নৈতিক যন্ত্রণা, ভাঙ্গা আশা, অপরাধবোধ, মনের তিরস্কার, সব ধরনের সামাজিক অত্যাচার, সেই সীমাবদ্ধতা অভিজ্ঞতা আমরা করি জীবনের বিভিন্ন পরিস্থিতি বা ঘটনার মধ্য দিয়ে অসুস্থতা, অকৃতকার্যতা, ভুল, অত্যাচার,- সংক্ষেপে বলা যায় যা কিছু আমাকে বলে যে আমার জীবন ক্ষয় হচ্ছে, আমি বৃদ্ধ হচ্ছি, সব কিছুই আমাকে মরণের চিহ্ন দেখায়।

আসলে তার সীমাগুলির অভিজ্ঞতার মধ্য দিয়ে প্রত্যেক মানব ব্যক্তি তার সৃষ্ট সত্তার নিজস্ব বৈশিষ্ট্যের অভিন্নতা আবিষ্কার করতে সুযোগ পায়। সেই অভিজ্ঞতার মধ্য দিয়ে, মানুষ জীবন্ত বাক্যের সঙ্গে একটি জীবন্ত ও ফলপ্রসূ সংলাপে প্রবেশ করতে পারে। জীবনদাতা ঈশ্বরের সঙ্গে গভীর বিশ্বাসের একটি সম্পর্কে প্রবেশ করতে পারে। অবশ্য যদি জীবনদাতা

ঈশ্বরের সঙ্গে একটি জীবন্ত ও অন্তরঙ্গ সাক্ষাৎ না ঘটে তাহলে এ ধরনের পরিপক্ক ও আনন্দময় উত্তর পাওয়া সম্ভব নয়। কেবল মাত্র জীবনের ও অস্থিস্তের উদার উৎস হিসাবে ঈশ্বর আত্মপ্রকাশ করেন না, বরং তিনি তার বাক্যের আলো দিয়ে ও তার আত্মার মধুর তাপ দিয়ে মানুষের ইতিহাসের সঙ্গে সঙ্গে হাঁটেন, এমন কি নিজেকে দৃশ্যভাবে উপস্থিত করেন সে ইতিহাসে তার পুত্রের দেহধারণের মধ্য দিয়ে।

ঈশ্বর অনবরত তাঁর জীবন, তাঁর ক্ষমা, তাঁর আশার বাণী ও তাঁর শর্তহীন ভালবাসা উৎসর্গ করতে থাকেন। যখন আমরা এই বিশ্বাস হারাই, তখনই মাত্র পাপ ঢুকিয়ে দেয় আমাদের জীবনে মৃত্যুদায়ক দূরত্ব এবং সীমাগুলিকে আমরা দেখি ধ্বংসাত্মক শূণ্যতা হিসাবে। আমরা যেভাবে আছি, তিনি ঠিক সেইভাবেই আমাদের গ্রহণ করেন। তার জন্য প্রত্যেক ব্যক্তি "ঈশ্বরের প্রতিমূর্তিতে ও তার সাদৃশ্যে" সৃষ্ট হয়েছে এবং সে তার চোখে খুবই মূল্যবান।

তাঁর আত্মপ্রকাশে তাকে সুখী করার জন্য ঈশ্বর কাউকে মুখোশ পড়তে বাধ্য করেন না। তিনি প্রত্যেক মানব ব্যক্তিকে গ্রহণ করেন, তাঁর গোটা ব্যক্তিত্ব নিয়ে, তার ব্যক্তিগত ইতিহাস নিয়ে। তিনি এটা তাঁর সব ধরেন সৃজনশীল ভালবাসা দিয়ে, এবং পারস্পরিক আত্মদানের জন্য নিমন্ত্রণ দিয়ে তা সামনের দিকে নিয়ে যান। গোটা পরিত্রাণের ইতিহাস কেবলমাত্র এই ঈশ্বরকেই আমাদের কাছে প্রকাশ করে: তিনি মানুষের বন্ধু, বারে বারে নতুন উদ্যোগ নিতে থাকেন, যা আমাদের কল্পনার বাইরে এসব তিনি করেন আমাদের সঙ্গে মিলিত হবার জন্য, আমাদের কাছে তাঁর শ্রদ্ধা, তাঁর ভালবাসা ও বিশ্বস্ততা দেখাবার জন্য।

"কেবল মাত্র যখন আমরা উপলব্ধি করতে পারি যে ঈশ্বরই প্রেম, যে তাঁর বুঝবার ক্ষমতা অসীম, যে তিনি মঙ্গলময় তখনই আমাদের অন্তরে তাঁর প্রতি যে ভয় লুকিয়ে আছে, তা থেকে আমরা মুক্তি পেতে পারি। তখন আমরা তাঁর প্রতিচ্ছবির প্রতিফলন হতে রাজী হতে পারি-- আমাদের যৌনতায় যেমন, আমাদের আবেগিক জীবনেও তেমন; - তখন আমরা নিজেকে ক্ষমা করতে পারি। আমাদের ব্যক্তিত্ব তার শান্তি পুনরায় আবিষ্কার করে, একটি ঐক্যের প্রাণবন্ত বিকিরণে। নিরাময় হওয়া মানে, সব রকম ভয় থেকে

নিজেকে মুক্ত করা এবং একই ভাবে ঈশ্বরের এবং নিজের মধ্যে বিশ্বাস স্থাপন করা।"

নিজ অস্তিত্ব হারাবার বিপদ

যখন অন্যদের মধ্যে আমি যা আছি, বা আমি যা করি তার দিকে আর কোন মনোযোগিতা বা উৎসাহ দেখি না, তখন আমার ব্যক্তিগত অস্থিত্ব হারাবার বিপদ আসে। আমি যখন অনুভব করি যে আমি আর কোন কাজে আসি না, আমাকে আর মূল্য দেওয়া হচ্ছে না, আমার ব্যক্তিগত ও সামাজিক মূল্যের অনুভূতি হারাই, তখন আমার ব্যক্তিগত অস্তিত্বে বিশ্বাস হারাতে পারি। যারা আমার সঙ্গে জীবন যাপন করে তারা যদি আমাকে বুঝিয়ে দেয় যে তাদের আমাকে আর কোন দরকার নেই, আমার মতামত মূল্যহীন, আমি যা অনুভব করি তাতে তাদের কিছু আসে যায় না, আমি এক বেচারা, একজন অকেজো মানুষ, আমার মধ্যে কিছু নেই, তখন আমার আত্ম বিশ্বাসে আমি খুব বিপদাপন্ন হতে পারি, আমার ব্যক্তিগত অস্তিত্ব সম্বন্ধে গভীর সংকটে পড়তে পারি। সেই অভিজ্ঞতা যদি আমার ব্যক্তিত্বের কোন কোন অংশের জন্য মাত্র না হয়ে বরং আমার গোটা ব্যক্তিত্বের জন্য হয় তবে সংকটটা আরও কঠিন হয়।

বাইবেলে ঐশ আত্ম প্রকাশ, তার সম্পূর্ণ ঐতিহাসিক উন্মোচনে, এই কথাই প্রমানিত হয় যে মানুষের প্রতি ঈশ্বরের একটি বিশেষ দৃষ্টি আছে। আদি থেকেই সৃষ্ট জীব হিসাবে মানুষকে বিশেষ মূল্য দেওয়া হয়েছে এবং ঈশ্বর তাঁর হাতে তাঁর সম্পূর্ণ সৃষ্টিকে এগিয়ে নেবার দায়িত্ব দান করেন। ঈশ্বর ও মানুষ উভয়ই এক বিরাট কাজের দায়িত্ব গ্রহণ করে এক সঙ্গে; আর তাই মানুষ ঈশ্বরের সহকর্মী। বাইবেলে ঈশ্বর মানুষের সঙ্গে হিংসুক প্রতিযোগী হিসাবে দাঁড়ান না, বরং ঈশ্বর হলেন মানুষের এক বিশ্বস্থ সঙ্গী, একজন শ্রদ্ধাপূর্ণ ও নির্ভরযোগ্য বন্ধু। মানুষের প্রতি ঈশ্বরের দরদ ও স্নেহ আরও উজজ্বল ভাবে প্রকাশিত হয় আমাদের মানবীয় ইতিহাসে তার পুত্রের আগমনে। তার উপস্থিতি আমাদের কাছে প্রকাশ করে পিতার বিশেষ মঙ্গলময় ইচ্ছা। নম্রদের, দরিদ্রদের, ও ক্ষুদ্রদের প্রতি তার ভালবাসা। তিনি বার বার তাদের মযার্দা দান করেন, বিশেষভাবে যখন উপরের শ্রেণীর লোকেরা তাদের অবজ্ঞা করে। ঈশ্বরের মহাকাজে কাউকে বাদ দেওয়া হয় না।

প্রত্যেক ব্যক্তি যেখানে আছে তার সে স্থান আর কেউ নিতে পারে না। আমাদের প্রত্যেক জনের জীবনে সচেতনতা দরকার, আমরা যেন আমাদের ব্যক্তিগত ইতিহাসে যে সব ডাক আসে সে গুলি আবিষ্কার করতে পারি, বিভিন্ন আধ্যাত্মিক প্রেরণা ভালভাবে যাচাই করে। আমরা তখন পূর্ণ সত্যে এবং পরিপক্ক ও খাটিভাবে আমাদের নিজ দায়িত্বগুলি পালন করতে পারি।

আমাদের আশা দ্বারা মন্দকে দমন ও পরাজিত করি

- সেই আশা সার্বজনীন ভালবাসার উপরে স্থাপিত, যার অংশীদার আমি।

ঈশ্বরের ভালবাসা সবসময় সক্রিয় ও বর্তমান, সেই নিগূঢ় রহস্য সম্বন্ধে আমার ক্রমশঃ গভীরতর চেতনা লাভ করতে হয় এবং তা স্বাধীন ভাবে ও দায়িত্বশীলভাবে গ্রহণ করতে হয়।

"প্রথমতঃ সেই ব্যাপক দৃষ্টিকে আমার মধ্যে তার আলো ও প্রেরণার ফল দিতে, সময় নিতে হয়। তারপরে মাত্র এক বিশেষ দিকে অর্থাৎ মন্দের দিকে তাকাবো, সেই দিকটা খুব বড় ও গুরুত্বপূর্ণ বলতে হয়। তা নাহলে আমরা সেই সমস্যা সমাধান করতে চেষ্টা করব শুধু বিভিন্ন যুক্তি ও সাধারণ জ্ঞানের সাহায্যে। সেই সমস্যার আসল সমাধান কিন্তু আমরা পাই কেবল মাত্র যখন আমরা মন্দের উর্দ্ধে উঠতে পারি এমন একটি জীবনের আশায় যার শিকড় রয়েছে ঈশ্বরের মহা ভালবাসায়"।

সেই মঙ্গলময় ও দায়িত্বপূর্ণ দৃষ্টি আমাদের বাস্তবতায় যেন ঢুকতে পারে যেখানে আছে অনেক আশা ও অনেক ব্যর্থতা, তার জন্য যখন মন্দের দিকে তাকাই, একই সময় আমাদের মূল তরে দিকেও তাকাতে হয় এক দৃষ্টিতে। সেভাবেই মাত্র আমাদের জীবনে আমাদের সীমাগুলিও গঠনমূলকভাবে দেখতে পারি ও ব্যবহার করতে পারি। কেবল মাত্র আমার ব্যক্তিগগত সীমাবদ্ধতার সময়ই সেই বিশ্বাসের সীমাবদ্ধতার দৃষ্টি কাজ করে না। বরং সমস্ত সৃষ্টির মাঝে, এমন কি বস্তুগত জগতের মাঝে সেই বিশ্বাসের দৃষ্টি আমাকে ঈশ্বরের জীবনদায়ক ও ত্রাণকারী কাজ দেখতে সাহায্য করে। এই বিশ্বাসের কেন্দ্রে এমনই একটি বিষয় রয়েছে যা সবচেয়ে মূল্যবান যা আমাদের সবচেয়ে বেশী শক্তি জোগাড় করে মন্দতার সমস্যাকে অতিক্রম করার জন্য; সেটা হল ঈশ্বরের ভালবাসা, যে ভালবাসা প্রকাশিত হয়েছে যীশু খ্রীষ্টের মধ্যে।

(দেখুন: রোমীয় ৮ঃ৩৫, ৩৭-৩৯)

